



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dpdt.gov.bd



স্মারক নং: ৩৬.০৮.০০০০.০০১.১৬.৩৩২(৩).২০.২৩৯৩

তারিখ: ৩০ সেপ্টেম্বর, ২০২০ খ্রি:

পরিপত্র

পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীকে দাপ্তরিক দায়িত্ব পালনে শুদ্ধাচার অনুশীলনে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণের জন্য অনুরোধ করা হলো।

- ১। সঠিক সময়ে দপ্তরে উপস্থিত হবেন এবং ডিজিটাল হাজিরা মেশিনে হাজিরা দিবেন। অফিস ত্যাগের সময় ও ডিজিটাল মেশিনে হাজিরা দিবেন।
- ২। অফিস সময়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালনে মনোযোগী হবেন।
- ৩। একান্ত জরুরী প্রয়োজনে উর্দ্ধতন কর্মকর্তার অনুমতি গ্রহণ করে বাইরে যেতে পারেন।
- ৪। অফিস সময়ে বিভিন্ন দিকে ঘোরাফেরা করা, আগন্তুক কারো সাথে অপ্রয়োজনে কথা বলা, কোন প্রয়োজন ব্যতিরেকে সেবা শাখা বা অন্য উইং এ যাওয়া থেকে বিরত থাকতে হবে। সিসি ক্যামেরার মাধ্যমে সকল কিছুকে পর্যবেক্ষণের আওতায় আনা হবে।
- ৫। অনিষ্পন্ন নথি ও কাজসমূহ জরুরী ভিত্তিতে নিষ্পন্নের বিশেষ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৬। কম্পিউটার, প্রিন্টারসহ সকল আইটি সামগ্রীর বিশেষভাবে যত্ন নিতে হবে। অফিস ত্যাগের সময় সকল সামগ্রীর সুইচ বন্ধ করতে হবে।
- ৭। বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে সামাজিক দূরত্ব বজায় রাখা, মাস্ক পরিধান করাসহ স্বাস্থ্যবিধির সকল নির্দেশনা প্রতিপালন করতে হবে।



(মহিউদ্দিন আল ফারুক)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও অর্থ)
ফোন: ৯৫৮৪৯০১

বিতরণ:

- ১। ডেপুটি রেজিস্ট্রার (সকল), ডিপিডি, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, ডিপিডি, ঢাকা [ডিপিডি'র ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ]
- ৩। সকল কর্মকর্তা/কর্মচারী, ডিপিডি, ঢাকা।